“(আজ রাতে) আমার ওপর কয়েকটি আয়াত অবতীর্ণ হয়েছে, তার মতো আর কোনো আয়াতই দেখা যায়নি। তা হলো: সূরাহ ফালাক্ব এবং সূরাহ নাস। ”

‘উকবা ইবনু ‘আমির রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “(আজ রাতে) আমার ওপর কয়েকটি আয়াত অবতীর্ণ হয়েছে, তার মতো আর কোনো আয়াতই দেখা যায়নি। তা হলো: সূরাহ ফালাক্ব এবং সূরাহ নাস। ”

[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

উকবা ইবনে আমির রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেছেন: আল্লাহ আজ রাতে আমার উপর এমন আয়াত নাযিল করেছেন, যা এর আগে কখনো দেখা যায়নি - অর্থাৎ আশ্রয় প্রার্থনার ক্ষেত্রে - তা হলো দুটি মুআওয়াযাত: সূরা «قُـلْ أَعُـوذُ بِرَبِّ الْفَلَقِ» এবং সূরা «قُلْ أَعُوذُ بِرَبِّ النَّاسِ»।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65448